

সিমার ইনজেকশন (ভেট)

মারবোফ্লক্সাসিন বিপি

বর্ণনাঃ

সিমার ইনজেকশন (ভেট) তৃতীয় প্রজন্মের ফ্লোরোকুইনোলন গ্রুপের ব্রড স্পেকট্রাম ব্যাকটেরিসাইডাল এন্টিমাইক্রোবিয়াল যা গ্রাম পজেটিভ, গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়া এবং মাইকোপ্লাজমা এর বিরুদ্ধে কার্যকর।

উপাদানঃ

প্রতি মি.লি. ইনজেকশন এ আছে মারবোফ্লক্সাসিন বিপি ১০০ মি.গ্রা।

কার্যপদ্ধতিঃ

সিমার ইনজেকশন (ভেট) একটি ব্যাকটেরিসাইডাল এন্টিবায়োটিক, যা সক্রিয়ভাবে ব্যাকটেরিয়ার ডিএনএ গাইরেজ এনজাইম এবং টপোআইসোমারেজ IV এনজাইমকে বাধা প্রদানের মাধ্যমে ব্যাকটেরিয়াকে ধ্বংস করে।

নির্দেশনাঃ

সিমার ইনজেকশন (ভেট) শ্বাসতন্ত্রের মারাত্মক সংক্রমণ, ডায়রিয়া ও পরিপাকতন্ত্রের প্রদাহ, ই. কলাই দ্বারা সৃষ্ট বাছুরের পরিপাকতন্ত্রের প্রদাহ এবং তীব্র ওলান প্রদাহ রোগের বিরুদ্ধে কার্যকর।

মাত্রা ও প্রয়োগবিধিঃ

শ্বাসতন্ত্রের সংক্রমণের চিকিৎসায়ঃ

একক মাত্রায় চিকিৎসা- ৪ মি.লি./৫০ কেজি দৈনিক ওজনের জন্য (৮ মি.গ্রা./কেজি দৈনিক ওজন) মাংসপেশীতে।

বহু মাত্রায় চিকিৎসা- ১ মি.লি./৫০ কেজি দৈনিক ওজনের জন্য (২ মি.গ্রা./কেজি দৈনিক ওজন) মাংসপেশীতে/চামড়ার নিচে ৩-৫ দিন।

যদি ইনজেকশনের পরিমাণ ২০ মি.লি. এর বেশি হয়, তাহলে ইহা দুই বা ততোধিক ইনজেকশন প্রয়োগস্থলে বিভক্ত করে প্রয়োগ করতে হবে।

তীব্র ওলান প্রদাহের চিকিৎসা- ১ মি.লি./৫০ কেজি দৈনিক ওজনের জন্য (২ মি.গ্রা./কেজি দৈনিক ওজন) মাংসপেশীতে/চামড়ার নিচে ৩-৫ দিন।

প্রথম ইনজেকশন শিরাপথে প্রয়োগ করা যেতে পারে।

অথবা, রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ

যে সকল প্রাণীর মারবোফ্লক্সাসিন এর প্রতি অতিসংবেদনশীলতা আছে এবং যে সকল ব্যাকটেরিয়া অন্যান্য ফ্লোরোকুইনোলন এর প্রতি রেজিস্ট্যান্ট তাদের ক্ষেত্রে সিমার ইনজেকশন (ভেট) প্রতিনির্দেশিত।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ

সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া- বমি, ডায়রিয়া এবং ক্ষুধামান্দ্য।

বিরল পার্শ্বপ্রতিক্রিয়া- কখনো কখনো চিকিৎসা পরবর্তীতে সবুজাভ মল দেখা দিতে পারে।

গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালীন ব্যবহারঃ

সিমার ইনজেকশন (ভেট) গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালে নিরাপদে ব্যবহার করা যেতে পারে।

প্রত্যাহারকালঃ

সিমার ইনজেকশন (ভেট) ব্যবহারের পরে উক্ত প্রাণীর মাংস ০৬ দিন এবং দুধ ৩৬ ঘন্টা পর্যন্ত সেবন করা যাবে না।

সংরক্ষণঃ

৩০° সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

শুধুমাত্র রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিক্রয়/সেবন যোগ্য।

ব্যবস্থাপত্রে উল্লেখিত পরিমাণের অধিক ব্যবহার করা যাবে না।

চিকিৎসকের পরামর্শ মোতাবেক পূর্ণ মেয়াদ সম্পন্ন করুন।

সরবরাহঃ

১০ মি.লি. ভায়াল।



Manufactured by

SHINIL Pharma Ltd.

BK Bari, Mirzapur, Gazipur, Bangladesh

Simar Injection (Vet)

Marbofloxacin BP

Description:

Simar Injection (Vet) belongs to 3rd generation Fluroquinolone with broad spectrum bactericidal antimicrobial activity towards gram positive, gram negative bacteria and mycoplasma.

Composition:

Each ml Injection contains Marbofloxacin BP 100 mg.

Mode of Action:

Simar Injection (Vet) is a bactericidal antibiotic, actively killing bacteria by inhibiting bacterial DNA gyrase and the Topoisomerase IV enzyme.

Indications:

Simar Injection (Vet) is indicated for the treatment of severe respiratory tract infections, diarrhea and gastro-enteritis, neonatal gastro-enteritis caused by E. coli & worked against acute mastitis.

Dosage & Administration:

Treatment of Respiratory Infections:

Single Dose Treatment- 4 ml/50 kg body weight (8 mg/kg body weight) through IM route.

Multiple Dose Treatment- 1 ml/50 kg body weight (2 mg/kg body weight) through IM/SC route for 3-5 days.

If the volume to be injected is more than 20 ml, it should be divided between two or more injection sites.

Treatment for Acute Mastitis- 1 ml/50 kg body weight (2 mg/kg body weight) through IM/SC route for 3-5 days.

The first injection can also be carried out by IV administration.

Or, as directed by the registered Veterinarian.

Contraindications:

Simar Injection (Vet) is not recommended for use in animals with known hypersensitivity to Marbofloxacin & in case of resistant bacteria to other Fluroquinolones.

Side Effects:

Common side effects- Vomiting, diarrhea & lack of appetite.

Rare side effects- A greenish retroceding coloring of faeces at the end of treatment has been shown sometimes.

Use in Pregnancy & Lactation:

Simar Injection (Vet) may be used safely during pregnancy and lactation.

Withdrawal Period:

After using Simar Injection (Vet) meat should not be eaten for 06 days & milk 36 hours.

Storage:

Store at a temperature below 30°C, protect from light & keep in dry place. Keep all medicines out of reach of children.

To be disbursed as per prescription of registered Veterinarian only.

Don't use the medicine more than prescribed amount.

Complete the full course as advised by the Veterinarian.

Pack Size:

10 ml vial



Manufactured by

SHINIL Pharma Ltd.

BK Bari, Mirzapur, Gazipur, Bangladesh